

2 0 1 6

BENGALI

( Major )

Paper : 6.4

Full Marks : 60

Time : 3 hours

*The figures in the margin indicate full marks  
for the questions*

- ১। অতি সংক্ষিপ্ত উত্তর দাও : ১×৭=৭
- (ক) শেখ কেরামত আলিকে সকলে কী নামে ডাকে ?
- (খ) গোবিন্দপুর গ্রামে ব্রাহ্মণপাড়ার আসল নাম কী ?
- (গ) অসুরদিঘির মাঝখানে রাতে কে ঘুরে বেড়ান ?
- (ঘ) “শাড়ির আঁচল উড়াইয়া দুই হাত দোলাইয়া চলিয়া যায়  
তখন তাহাকে ঠিক মরালগামিনী বলা যাইতে পারে।”  
কার কথা এখানে বলা হয়েছে ?
- (ঙ) ‘কারেঙর লিগিরি’ নাটকে মন্ত্রীপুত্রের নাম কী ?
- (চ) সমাপ্তি পর্ব বাদ দিয়ে ‘কারেঙর লিগিরি’ নাটকে মোট  
কয়টি অঙ্ক আছে ?
- (ছ) সুন্দর কোঁঅরের বয়স কত ?

২। সংক্ষিপ্ত উত্তর দাও :

২×৪=৮

- (ক) ‘কারেঙর লিগিরি’ নাটকে সুন্দর কোঁঅর তাঁর রাজ্য থেকে কোন্ দুজনকে নির্বাসন দিয়েছিলেন ?
- (খ) “কুঁঅরি মোর এয়েই প্রথম আরু শেষ কথা, তুমি মোর জীবনর পরা আঁতরি যাব লাগিব।” কে, কাকে এ-কথা বলেছেন ?
- (গ) “হাঁড়ির মাপেই সরা হয়।” ‘উনিশ বিঘা দুই কাঠা’ উপন্যাসে হাঁড়ি ও সরা কে কে ?
- (ঘ) “আপনি নিশ্চিত হয়ে এই হাজতখানায় বসে থাকুন, আমি আছি চিন্তা নেই।” কে, কাকে এই আশ্বাস দিয়েছিলেন ?

৩। নিম্নলিখিত প্রশ্নের উত্তর দাও (যে কোনো তিনটি) :

৫×৩=১৫

- (ক) ‘উনিশ বিঘা দুই কাঠা’ উপন্যাসে তাঁতিপাড়ায় কোনো গোরু না থাকার কারণ কী ছিল, লেখো।
- (খ) ‘উনিশ বিঘা দুই কাঠা’ উপন্যাসের ‘মন্ত্রণা’ অংশে মঙ্গরাজ ও চাপার মধ্যে যে কথোপকথন হয়েছিল তার বিবরণ দাও।
- (গ) “আজ অনন্তপুর গ্রামে হাহাকার পড়িয়াছে।” ‘উনিশ বিঘা দুই কাঠা’ উপন্যাসের পাঠ্য অংশ অবলম্বনে এই হাহাকারের কারণ অনুসন্ধান করো।

(ঘ) জ্যোতিপ্রসাদের বর্ণনা অনুসরণে সুন্দর কোঁঅরের শয়নকক্ষটির একটি রূপচিত্র অংকন করো।

(ঙ) ‘কারেঙর লিগিরি’ নাটকের চতুর্থ অঙ্কের দ্বিতীয় দর্শনে অনঙ্গরামের প্রকৃতি বন্দনাটির নাটকীয় তাৎপর্য ব্যাখ্যা করো।

৪। (ক) ‘কারেঙর লিগিরি’ নাটকের শেষ দৃশ্যে সংযোজিত সুদর্শনের গাওয়া গানটির নাটকীয় উপযোগিতা কতটুকু, সে বিষয়ে তোমার মতামত দাও।

১০

অথবা

(খ) ‘কারেঙর লিগিরি’ নাটকটিকে একটি ট্রাজেডি নাটক বলা যায় কি? যুক্তিসহ তোমার মতামত বিশ্লেষণ করো।

৫। (ক) ‘উনিশ বিঘা দুই কাঠা’ উপন্যাসে কত্রীঠাকরণের ভূমিকা স্পষ্ট করো।

১০

অথবা

(খ) পাপের প্রায়শ্চিত্ত ‘উনিশ বিঘা দুই কাঠা’ উপন্যাসের কেন্দ্রীয় বিষয়—আলোচনা করো।

৬। (ক) ‘উনিশ বিঘা দুই কাঠা’ উপন্যাসের পাঠ্য অংশ অবলম্বনে অসুরদিঘির বর্ণনা দাও।

১০

অথবা

(খ) ‘কারেঙর লিগিরি’ নাটকে সুদর্শন চরিত্রের ভূমিকা সম্বন্ধে একটি আলোচনা প্রস্তুত করো।

\*\*\*